২

# উপজেলা পরিষদ

## কোম্পানীগঞ্জ, সিলেট।

উপজেলা পরিষদের ৩৩ তম সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব শামীম আহমদ (শামীম)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।

সভার স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভার তারিখ ও সময়: ১৭/০১/২০২২ খ্রিস্টাব্দ, সকাল- ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য: পরিশিষ্ট 'ক' ও 'খ'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করা হয়। বিগত ৩০/১২/২০২১ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
অতঃপর বিভাগওয়ারি নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসারের প্রতিনিধি সভাকে জানান যে, রবি ২০২১-২২ মৌসুমে চলমান বোরো ধান ফসল ৬০% ইতিমধ্যে রোপন হয়েছে। রোপন কার্যক্রম চলমান। বিভাগীয়ভাবে মাঠে বিভিন্ন ফসলের প্রদশর্নী স্থাপন করা হয়েছে। কোম্পানীগঞ্জ উপজেলায় রাসায়নিক সার মজুদ আছে। সার মনিটরিং কার্যক্রম জোরদার আছে। | উপজেলা কৃষি অফিসার কৃষকদেরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন এবং উপজেলাধীন অনাবাদী জমিগুলো আবাদের আওতায় আনার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, ২০২১-২২ অর্থ বছরে এডিপির প্রকল্প তালিকা ইউনিয়ন পরিষদ হতে খাত ওয়ারি দাখিল করতে হবে। দাখিলকৃত প্রকল্প তালিকা অধিকতর যাচাই বাছাই হবে। ৬টি ইউনিয়ন পরিষদের মধ্যে ৪টিতে ভবন রয়েছে। বাকি দুটিতে ইউনিয়ন পরিষদ ভবন নেই। জমি পাওয়া সাপেক্ষে দুটি ইউনিয়ন পরিষদ ভবনের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে প্রস্তাব প্রেরণ করা যেতে পারে।<br><br>২। উপজেলা পরিষদ ভবনের স্যানেটারি, পানির লাইন মেরামত ও অফিসার কোয়ার্টারের পানির লাইন মেরামত বাবদ ১৫,৪৮৯/-(পনের হাজার চারশত উননব্বই) টাকা ব্যয় হয়েছে। | আলোচ্য বিষয়ে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।<br><br>২। আলোচ্যমতে ব্যয়িত ১৫,৪৮৯/- (পনের হাজার চারশত উননব্বই) টাকা উপজেলা রক্ষণাবেক্ষণ তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৩ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা হয়নি। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৪ | পল্লী বিদ্যুৎ | ডেপুটি জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভাকে জানান যে, বৈদ্যুতিক লাইনে কাজ করার সময় বিদ্যুৎ নিতে হয়। আলোচনায় অংশগ্রহণ করে উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলায় ছাত্র/ছাত্রীদের ঠিকাদান কর্মসূচী চলমান রয়েছে। ভ্যাকসিন দেয়ার সময় কোনভাবেই বিদ্যুৎ নেয়া যাবে না। | টিকাদান কর্মসূচীর সময়ে বিদ্যুৎ সচল রাখার সিদ্ধান্ত গৃহিত হয় এবং অন্যান্য সময় বিদ্যুৎ নেয়ার আগে গ্রাহকদের অবগত করতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ , কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৫ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা হয়নি। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৬ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা হয়নি। | উপজেলা মৎস্য কর্মকর্তাকে আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভাকে জানান যে, করোনাকালীন সময়ে প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে ১ম শিফটে ১টি শ্রেণি ও ২য় শিফটে ১টি করে শ্রেণির পাঠদান কার্যক্রম চালু আছে। করোনার প্রভাব বৃদ্ধি পাচ্ছে যদি কোন বিদ্যালয়ে শিক্ষক বা শিক্ষার্থী করোনায় আক্রান্ত হয় তাহলে চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সাথে আলোচনা করে ব্যবস্থা নেওয়ার নির্দেশ রয়েছে।<br><br>২। ১১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ ও ভবনের উপর দিয়ে বিদ্যুতের লাইন নেয়া হয়েছে। যদি কোন সময় লাইন ছিড়ে পড়ে অথবা খুটি মাটিতে পড়ে তাহলে দূর্ঘটনার সম্ভাবনা রয়েছে। চিলাডহর সরকারি প্রাথমিক বিদ্যালয় ও লামাগ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মানের স্বার্থে জরুরী ভিত্তিতে বিদ্যুতের লাইন সরানো প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎকে অনুরোধ করা হলো।<br><br>৩। ২৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গভীর নলকূপ এবং আরও ২৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অগভীর নলকূপ স্থাপন করার অনুমোদন আছে। যার কার্যক্রম চলমান। কিন্তু কোন বিদ্যালয়ে প্রাক্কলন দেয়া হচ্ছে না। অনেক বিদ্যালয়ে নলকূপের ফিল্টার রাতে বসানো হয়। কতফুট পাইপ ও কয়টি ফিল্টার বসানো হয়েছে তা শিক্ষক এবং ম্যানেজিং কমিটি জানতে পারেনা। | উপজেলা শিক্ষা অফিসার আলোচ্য বিষয়ে সরকারি নির্দেশনা অনুসরণ করবেন।<br><br>২।সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ ও ভবনের উপর দিয়ে নেয়া বিদ্যুতের লাইন সরানো সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>৩। নলকূপের প্রাক্কলন বিদ্যালয়ে প্রদান করতে হবে ও দিনের বেলা প্রধান শিক্ষক ও ম্যানেজিং কমিটির সদস্যদের সামনে পাইপ, ফিল্টার স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন সহকারি জনস্বাস্থ্য প্রকৌশলী। | ডেপুটি জেনারেল ম্যানাজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২<br>জনস্বাস্থ্য সহকারী প্রকৌশলী/<br>উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা হয়নি। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৯ | নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভাকে জানান যে, অত্র উপজেলার ১নং পশ্চিম ইসলামপুর ইউনিয়নের ৬ষ্ট ধাপে আগামী ৩১ জানুয়ারি/২০২২ খ্রি: তারিখে প্রতিটি ভোট কেন্দ্রে ইভিএম পদ্ধতিতে ভোট গ্রহণ করা হবে। নির্বাচনটি সুষ্ঠু, সুন্দর, অবাধ ও স্বচ্ছ নিরপেক্ষভাবে সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা নির্বাচন অফিসার সকল ভোট কেন্দ্রগুলো সরেজমিন পরিদর্শনপূর্বক বিধিমতে সকল কাজ পরিচালনা করবেন। | উপজেলা নির্বাচন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১০ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভাকে জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরে অত্র উপজেলায় ১৮-৩৫ বৎসরের বেকার যুবকদের অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ৪২০ জন। স্থানীয় চাহিদার ভিত্তিতে ৩০ জনের ব্যাচ ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণ গ্রহণে ইচ্ছুক বেকার যুবকদের প্রতিটি ইউনিয়নে অন্তত ৩০ জনের ০২টি ব্যাচ প্রশিক্ষণ প্রদানের জন্য মনোনয়ন পূর্বক তালিকা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। ইতিমধ্যে ডিসেম্বর/২১ মাসে পর্যন্ত ৮টি ব্যাচে সর্বমোট ২৪০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>চলতি অর্থ বছরে অত্র উপজেলার যুব উন্নয়নের প্রশিক্ষিত প্রকল্প গ্রহণকারী যুবদের ৩০ জনকে যুব ঋণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত করা হয়েছে। ডিসেম্বর/২০২১ মাস পর্যন্ত ১০ জনকে ঋণ প্রদান করা হয়েছে। অবশিষ্ট ২০ জনকে নির্ধারিত সময়ের মধ্যে ঋণ প্রদান করা হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার যুবদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ দিয়ে কর্মমূখী করার প্রয়োজনীয় সহায়তা করবেন এবং ঋণ বিতরণ সুষ্ঠুভাবে সম্পন্ন করবেন। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১১ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান যে, অত্র কার্যালয় কর্তৃক পরিচালিত আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের অধীন ১৩ তম ব্যাচের (জানুয়ারি-মার্চ/২২) ৫০ জন প্রশিক্ষণার্থী নির্বাচন সম্পন্ন হয়েছে এবং তাদের যথারীতি প্রশিক্ষণ শুরু হয়ে গেছে। ভিজিডি কর্মসূচি, মাতৃত্বকাল ভাতা কর্মসূচি, কিশোর-কিশোরী ক্লাবসহ সকল প্রকার কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাঁর বিভাগের কাজ আরো গতিশীল করবেন। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | জনস্বাস্থ্য প্রকৌশল | উপজেলা সহকারি জনস্বাস্থ্য প্রকৌশলী সভাকে জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কোম্পানীগঞ্জের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। ২০২০-২১ অর্থ বছরের বরাদ্দকৃত টিউবওয়েল ও ইমপ্রুভমেন্ট ল্যাট্রিন এর সাইট পেলে দ্রুত কাজ শুরু করা হবে। এছাড়া ২০২০-২১ অর্থ বছরে সমগ্র দেশের নিরাপদ পানি প্রকল্পের ১৫৬টি সাবমারসিবল নলকূপের বরাদ্দের অগভীর ৮৪টি ও গভীর ৭২টি টিউবওয়েল কাজ প্রায়ই শেষ। হাওর প্রকল্পের আওতাধীন ৭৫টি গভীর সাবমারসিবল নলকূপের কাজ ৯০% শেষ হয়েছে এবং জানুয়ারির মধ্যে শত ভাগ কাজ শেষ হবে বলে আশা করছি। ২০২১-২২ অর্থ বছরে সমগ্র বাংলাদেশের নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ১৫৬টি গভীর সাবমারসিবল অগভীর নলকূপের বরাদ্দ এসেছে এবং বিভাজন হয়েছে। ২০২১-২২ অর্থ বছরে গভীর সাবমারসীবল ৪২টি ও ১৫টি ইমপ্রুভমেন্ট ল্যাট্রিন বরাদ্দের বিভাজন হয়েছে এবং সাইট সিলেকশন হলে কাজ শুরু করা হবে। | সহকারি জনস্বাস্থ্য প্রকৌশলী সাইটসমূহ সরেজমিন পরিদর্শন করবেন। গভীর/অগভীর নলকূপ স্থাপন করার পর কতফুট স্থাপন করা হয়েছে তা উল্লেখপূর্বক গ্রাহকের কাছ থেকে প্রত্যয়ন নিবেন। | সহকারি জনস্বাস্থ্য প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৩ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভাকে জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলায় পরিবার পরিকল্পনা বিভিন্ন পদ্ধতি গ্রহিতার হার ৭৫%। সক্ষম দম্পতি ২৮৬০০ জন। ডিসেম্বর/২১ মাসে বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর মধ্যে খাবার বড়ি ১০৬৪ জন, ইনজেকশন ৩৯৬ জন, কনডম ১৫২ জন। আইইউডি ৩৩ জন, ইমপ্লান্ট ৩৩৫ জন। পরিবার পরিকল্পনা কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | পরিবার পরিকল্পনার মান সন্তোষজনক পর্যায়ে রাখতে উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভাকে জানান যে, অত্র উপজেলায় অডিটযোগ্য ১৫১টি প্রাথমিক সমবায় সমিতি ও ০২টি কেন্দ্রীয় সমবায় সমিতি রয়েছে। ডিসেম্বর/২১ খ্রি: পর্যন্ত অডিটযোগ্য সমবায় সমিতি সমূহের মধ্যে ৮০% অডিট সম্পন্ন করা হয়েছে।২০১৯-২০ খ্রি: সনের ধার্যকৃত অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিল ১০০% আদায় করত: সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে। ২০২০-২১ খ্রি: সনের ধার্যকৃত অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিল অডিট সম্পাদনের সাথে সাথে আদায় করত: সরকারি কোষাগারে জমা করা হচ্ছে। অত্র উপজেলায় সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী ৩য় পর্যায় সমবায় অংশ মেয়াদ শেষ হয়েছে। তাছাড়া ভ্রাম্যমান প্রশিক্ষণ ইতিমধ্যে সম্পন্ন করা হয়েছে। বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লায় পেশাভিত্তিক ০৫ (পাচ) জন সমবায়ীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | উপজেলা সমবায় অফিসার তাঁর বিভাগের সকল কার্যক্রম বিধিমতে পরিচালনা করবেন। | উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৫ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসারের প্রতিনিধি সভাকে জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ভাতাভোগীরা সোনালী ব্যাংক থেকে ভাতা নিচ্ছেন। সমস্যাগুলো সোনালী ব্যাংক কর্তৃপক্ষ দেখছেন। | উপজেলা সমাজসেবা অফিসার বিধিমতে তাঁর বিভাগের কার্যাদি সম্পাদন করবেন। | উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৬ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা হয়নি। | উপজেলা পরিসংখ্যান অফিসারকে আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৭ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা হয়নি। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৮ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা হয়নি। | উপজেলা বন কর্মকর্তাকে আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা বন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৯ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা হয়নি। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা হয়নি। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংককে আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২১ | তথ্যকেন্দ্র | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভাকে জানান যে, তথ্যকেন্দ্র থেকে গত ০৮/০১/২০২২ তারিখ থেকে শুরু হওয়া উচ্চ মাধ্যমিকে ভর্তির অনলাইন আবেদন করা হচ্ছে। ইতোমধ্যে প্রায় ৫০ জন ছাত্রীর ভর্তির আবেদন সম্পূর্ণ বিনা মূল্যে করে দেয়া হয়েছে। এছাড়াও করোনার ভ্যাকসিনের নিবন্ধন, টিকা কার্ড, টিকা সনদ প্রদান করা হচ্ছে। জানুয়ারি/২০২২ এ তথ্যকেন্দ্র থেকে ১টি নারী নির্যাতনের অভিযোগ পরিচালনা করা হচ্ছে। তথ্যকেন্দ্রের অন্যান্য কার্যক্রম উঠান বৈঠকসহ স্বাভাবিক আছে। গত ডিসেম্বর/২০২১ থেকে ৫০জন মহিলা নিয়ে ৪টি করে উঠান বৈঠক অব্যহত রয়েছে। | তথ্যকেন্দ্রের কার্যক্রম অনেক সন্তোষজনক। বিনা মূল্যে ভ্যাকসিনের রেজিস্ট্রেশন করার বিষয়টি আরো প্রচার করার অনুরোধ করা হল। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২২ | বিবিধ-১ | উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, কোভিড-১৯ করোনা ভাইরাস মোকাবেলায় সবাইকে মাস্ক পরিধানসহ সকল স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে। করোনা ভাইরাস মোকাবেলায় সবাইকে ভ্যাকসিনের আওতায় নিয়ে আসতে হবে। ভ্যাকসিন নিতে সবাইকে উদ্বুদ্ধ করতে হবে। উপজেলাধীন ১ নং ইসলামপুর পশ্চিম ইউনিয়ন পরিষদ সাধারন নির্বাচন আগামী ৩১ জানুয়ারি/২০২২ তারিখে ইভিএম পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠিত হবে। এতে সকলের সহযোগিতা প্রয়োজন।<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, জন্ম নিবন্ধনের ক্ষেত্রে আমাদের সকলের সহযোগিতা প্রয়োজন। একটি শিশুর জন্ম নিজ দেশকে ও বিশ্বকে আইনগতভাবে জানান দেয়ার একমাত্র পথ জন্মের পর জন্মনিবন্ধন করা। নবজাতকের একটি নাম ও একটি জাতীয়তা নিশ্চিত করতে এটি হচ্ছে প্রথম আইনগত ধাপ। জন্মনিবন্ধনের সময় সঠিক তথ্য দিতে হবে। | কোভিড-১৯ করোনা ভাইরাস মোকাবেলায় সবাইকে মাস্ক পরিধানসহ সকল স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে এবং ভ্যাকসিন নিতে সবাইকে উদ্বুদ্ধ করতে হবে। ইসলামপুর পশ্চিম ইউনিয়ন পরিষদ সাধারন নির্বাচনে সবাই সহযোগিতা করবেন।<br><br>২।শিশুদের জন্মনিবন্ধনের হার বৃদ্ধি করতে সকলে সহযোগীতা প্রয়োজন এবং সঠিক তথ্য দিয়ে জন্মনিবন্ধন করবেন। | উপজেলা নির্বাহী অফিসার/ইউপি চেয়ারম্যান (সকল), কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৩ | বিবিধ-২ | ভাইস চেয়ারম্যান, ইউসিসিএ লি: সভাকে জানান যে, কোম্পানীগঞ্জ থানা বাজার পয়েন্টের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মহাসড়ক হইতে কাঠালবাড়ী গ্রাম হয়ে ভোলাগঞ্জ পর্যন্ত সড়কটির নাম যোদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কোম্পানীগঞ্জ কমান্ড জনাব আলী হোসেন এর নামে নামকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা যেতে পারে। | কোম্পানীগঞ্জ থানা বাজার পয়েন্টের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মহাসড়ক হইতে কাঠালবাড়ী গ্রাম হয়ে ভোলাগঞ্জ পর্যন্ত সড়কটির নাম যোদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কোম্পানীগঞ্জ কমান্ড জনাব আলী হোসেন এর নামে নামকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৪ | বিবিধ-৩ | উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, উপজেলা পরিষদের দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একটি ল্যাপটপ, একটি এলইডি মনিটর ও মাল্টিমিডিয়া প্রজেক্টর ক্রয় করা প্রয়োজন। উল্লেখ্য যে, উপজেলা পরিষদের TO and E-তে অন্তর্ভূক্ত কোনো অফিস সরঞ্জাম উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে সংগ্রহ/ক্রয় কর যাবে এবং উপজেলা পরিষদের দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা রাজস্ব তহবিলের অর্থ দ্বারা ০২টি নতুন আলমিরা ক্রয় করা প্রয়োজন। | উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে একটি ল্যাপটপ, একটি এলইডি মনিটর ও মাল্টিমিডিয়া প্রজেক্টর ক্রয় এবং উপজেলা পরিষদের জন্য ০২টি আলমিরা ক্রয় করার নিমিত্তে ২,০০,০০০/-/-(দুই লক্ষ) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে প্রকল্প কমিটির মাধ্যমে ব্যয় করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫ | বিবিধ-৪ | প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় সভাকে জানান যে, কোভিড-১৯ করোনা ভাইরাস মোকাবেলার জন্য ভ্যাকসিন দেয়া হচ্ছে। ভ্যাকসিনগুলো সুরক্ষার জন্য একটি রুমে এয়ারকুলার (এসি) বসানোর নিমিত্তে ক্রয় করা প্রয়োজন। ব্যয়িত অর্থ অপ্রত্যাশিত খাত হতে পরিশোধ করা যেতে পারে।<br><br>২। মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে ব্যয় নির্বাহের জন্য অতিরিক্ত বরাদ্দ বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৫০,০০০/-( পঞ্চাশ হাজার) টাকা উত্তোলন করা প্রয়োজন। | ভ্যাকসিন সুরক্ষার নিমিত্তে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে অপ্রত্যাশিত খাত হতে প্রকল্প কমিটির মাধ্যমে এয়ারকুলার (এসি) ক্রয় করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>২। মহান বিজয় দিবসে ব্যয় বাবদ ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে উত্তোলনের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শামীম আহমদ (শামীম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।

স্মারক নং-০৫.৬০.৯১২৭.০০৫.৩৫.০০২-১১- ৬৩(৪৫)

তারিখঃ ১৭ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ।

**অনুলিপিঃ <u>সদয় অবগতি/কার্যার্থে।</u>**

১। জনাব ইমরান আহমদ এমপি, সিলেট-৪ ও মাননীয় মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৭। জেলা........................................অফিসার, সিলেট।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৯। চেয়ারম্যান...............................ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।
১০। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কোম্পানীগঞ্জ, সিলেট। (ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হল)
১১।..........................................কোম্পানীগঞ্জ, সিলেট।

**লুসিকান্ত হাজং**
**উপজেলা নির্বাহী অফিসার**
**কোম্পানীগঞ্জ, সিলেট।**

**সদস্য: উপস্থিতির ক্রমানুসারে। পরিশিষ্ট 'ক'**

| নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মো: লাল মিয়া | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | জনাব সাজ্জাদুর রহমান সাজু | চেয়ারম্যান, ইছাকলস ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ,সিলেট। |
| ০৩ | জনাব মো: ফয়জুর রহমান | চেয়ারম্যান, উত্তর রণিখাই ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৪ | জনাব মো: আলমগীর আলম | চেয়ারম্যান, পূর্ব ইসলামপুর ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৫ | জনাব মো: নাইম হাসান | সহকারি প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৬ | জনাব মাকসুদা ইয়াসমিন | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৭ | জনাব মো: জহিরুল হক | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | জনাব জিবুন্নাহার বেগম | উপজেলা নির্বাচন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৯ | জনাব মো: আরিফুজ্জামান | উপজেলা সমাজসেবা অফিসারের প্রতিনিধি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১০ | জনাব মো: আজিজুল হক | উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১১ | জনাব তরুন চন্দ্র দেব অধিকারী | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এর প্রতিনিধি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১২ | জনাব মো: মিজানুর রহমান | আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভা: প্রা:), কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৩ | জনাব রোকসানা আক্তার রত্না | তথ্যসেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৪ | জনাব সুবোধ রঞ্জন দাস | চেয়ারম্যান, দক্ষিণ রণিখাই ইউপি এর প্রতিনিধি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৫ | জনাব মোঃ আব্দুল মান্নান | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৬ | জনাব মো: পারভেজ খান | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কোম্পানীগঞ্জ,সিলেট। |

| | | |
|---|---|---|
| ১৭ | জনাব মনোজ কান্তি দাস চৌধুরী | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৮ | জনাব মো: ইকবাল হোসেন আবিদ | চেয়ারম্যান, ইউসিসিলি: এর প্রতিনিধি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৯ | জনাব মো: সজল কান্তি তালুকদার | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২০ | জনাব সৌমিত্র কর্মকার | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২১ | জনাব মো: শাহ আলম | উপজেলা প্রকল্প কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২২ | জনাব মো: আজিজুর রহমান | উপজেলা কৃষি অফিসারের প্রতিনিধি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৩ | জনাব মৃণাল কান্তি চৌধূরী | ডেপুটি জেনারেল ম্যানাজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ |
| ২৪ | জনাব কাজী আব্দুল অদুদ আলফু মিয়া | চেয়ারম্যান, তেলিখাল ইউপি, কোম্পানীগঞ্জ,সিলেট। |
| ২৫ | জনাব শাহ মো: জামাল উদ্দিন | চেয়ারম্যান, ইসলামপুর পশ্চিম ইউপি, কোম্পানীগঞ্জ,সিলেট। |
| ২৬ | জনাব আয়শা বেগম | ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |

**পরিশিষ্ট 'খ'  অনুপস্থিতঃ**

১। উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।
২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (অ:দা), কোম্পানীগঞ্জ, সিলেট।
৩।উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ,  সিলেট।
৪।উপজেলা মৎস্য কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।
৫।উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
৬।উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।
৭। বন কর্মকর্তা, উপজেলা বন বিভাগ, কোম্পানীগঞ্জ, সিলেট।

২৭/০৭/২০২২

উপজেলা পরিষদের ৩৩ তম সভা
তারিখ: ২৭/০৩/২২ ইং
সময়: ১১.০০ টায়

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | মো: আল মামুন | ভাইস চেয়ারম্যান উ. পরিষদ | [signature] |
| ০২. | মো: মাহফুজুর রহমান মাসুদ | চেয়ারম্যান, ৪ নং ইউনিয়ন | [signature] |
| ০৩. | মো: মফিজুর রহমান | চেয়ারম্যান ৫ নং [illegible] ইউনিয়ন | [signature] |
| ০৪. | মো: আলম সাঁই আলম | চেয়ারম্যান ২ নং [illegible] ইউনিয়ন | [signature] |
| ০৫. | মো: আহমেদ নাজমুল হাসান | উপজেলা নির্বাহী অফিসার | [signature] |
| ০৬. | [illegible] ইসলাম মীন | উপজেলা [illegible] অফিসার | [signature] |
| ০৭. | মো: [illegible] | উপজেলা শিক্ষা অফিসার | [signature] |
| ০৮. | [illegible] চৌধুরী | উপজেলা নির্বাহী প্রকৌশলী | [signature] |
| ০৯. | মো: আমিনুজ্জামান | উপজেলা সমবায় অফিসার | [signature] |
| ১০. | মো: আজিজুল হক | সহকারী কমিশনার (ভূমি) | [signature] |
| ১১. | [illegible] আলী | উপজেলা [illegible] | [signature] |
| ১২. | মো: মিজানুর রহমান | উপজেলা [illegible] কর্মকর্তা | [signature] |
| ১৩. | [illegible] আক্তার [illegible] | চেয়ারম্যান [illegible] | [signature] |
| ১৪. | [illegible] দাস | প্রাক্তন [illegible] | [signature] |
| ১৫. | মো: আবুল মান্নান | উপজেলা যুব উন্নয়ন অফিসার | [signature] |
| ১৬. | মো: [illegible] মান | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী | [signature] |
| ১৭. | [illegible] | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | [signature] |
| ১৮. | মো: [illegible] আরিফ | [illegible] - U.C.C.A-BRDB | [signature] |
| ১৯. | [illegible] তালুকদার | [illegible], পল্লী সঞ্চয় ব্যাংক | [signature] |
| ২০. | [illegible] | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | [signature] |
| ২১. | মো: শাহ আলম | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | [signature] |
| ২২. | মো: আজিজুর রহমান | উপজেলা কৃষি অফিসার দপ্তর | [signature] |
| ২৩. | মো: [illegible] আলম | UE | [signature] |
| ২৪. | [illegible] কান্তি চৌধুরী | D.G.M. R.E.B | [signature] |
| | [illegible] | [illegible] | [signature] |